গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নম্বর- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০.(১১)- ৭৬২

তারিখ:২৯-০১-২০২০খ্রিঃ।

বিজ্ঞপ্তি

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পিইসি/সমমান পরিক্ষায় উত্তীর্ণ হয়ে ৬ষ্ঠ শ্রেণি/সমমান (ইংলিশ মিডিয়াম এর জন্য Level-6), জেএসসি/সমমান পরিক্ষায় উত্তীর্ণ হয়ে ৯ম শ্রেণি/সমমান (ইংলিশ মিডিয়াম এর জন্য Level-9) এবং এইচএসসি / সমমান/ A-Level পরিক্ষায় উত্তীর্ণ হয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

(১) আবেদনকারীকে ২০১৯ সালে পিইসি/সমমান, জেএসসি/সমমান এবং এইচএসসি/ A-Level /সমমান পরীক্ষায় জিপিএ-৪.৮০ (ইংলিশ মিডিয়াম এর জন্য সমমান গ্রেড) প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি/সমমান, জেএসসি/সমমান পরিক্ষায় উত্তীর্ণ হয়ে ৯ম শ্রেণি/সমমান এবং এইচএসসি / সমমান/ A-Level পরিক্ষায় উত্তীর্ণ হয়ে বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত থাকতে হবে। তবে প্রবাসে বৈধভাবে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মীর সন্তানগণ জিপিএ-৪.০০ (ইংলিশ মিডিয়াম এর জন্য সমমান গ্রেড)প্রাপ্ত হলে আবেদন করতে পারবে;

(২) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র নিয়ে বিদেশ গমন করেছেন অথবা বিদেশে কর্মরত যে সকল কর্মী বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণ করেছেন সে সকল কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে;

(৩) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবার যারা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন অথবা বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন কর্তৃক প্রদত্ত মৃতের এনওসিতে বৈধ উল্লেখ থাকলে তাদের সন্তানগণও বৃত্তির জন্য আবেদন করতে পারবে;

(৪) আর্থিকভাবে অস্বচ্ছল প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে;

(৫) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ০২ (দুই) সন্তানকে শিক্ষাবৃত্তি প্রদান করা হবে;

(৬) i) ৬ষ্ঠ শ্রেণি/সমমান (ইংলিশ মিডিয়াম এর জন্য Level-6) ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত ৩ (তিন) বছর মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে, ৯ম শ্রেণি/সমমান (ইংলিশ মিডিয়াম এর জন্য Level-9) ক্যাটাগরিতে মনোনীত শিক্ষার্থীদের ৯ম-১০ম শ্রেণি পর্যন্ত ২(দুই) বছর মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে এবং স্নাতক/সম্মান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ৪(চার) বছর (প্রযোজ্য ক্ষেত্রে ৫ বছর) মাসিক ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।

ii) উক্ত বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ হিসাবে পিইসি/ সমমান ক্যাটাগরিতে ২০০০/-(দুই হাজার) টাকা, জেএসসি/ সমমান ক্যাটাগরিতে ২৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা এবং এইচএসসি/সমমান ক্যাটাগরিতে ৪০০০/-(চার হাজার) টাকা প্রদান করা হবে;

(৭) **আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:**

i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা/স্মার্ট কার্ড অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণকারী কর্মীর পাসপোর্ট ও ভিসার ফটোকপি);

ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC ও মৃত্যু সনদ;

iii) শিক্ষার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান/বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);

iv) পিইসি/জেএসসি/এইচএসসি/ A-Level অথবা সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);

(৮) আবেদনপত্র ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে;

(৯) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ১৫ মার্চ, ২০২০ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, রুম নং- ৯১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় পৌঁছাতে হবে অথবা সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এর মাধ্যমে আবেদন করা যাবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;

(১০) শিক্ষার্থীর মাতার (মাতার অনুপস্থিতিতে পিতা) শিক্ষার্থীর ব্যবহৃত সঠিক মোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে;

(১১) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(১২) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;

(১৩) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কল সেন্টারে (ফোন: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(নূরুন আখতার)
উপ-সচিব
পরিচালক (আইআরপি)
d.irp@wewb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি (প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ বিভাগীয় প্রধান কর্তৃক)

পিইসি/Level-6/জেএসসি/Level-9/এইচএসসি/A-Level অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির

আবেদন ফরম-২০২০

১. আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম (স্পষ্ট অক্ষরে) ঃ বাংলায় ঃ...
ইংরেজি ঃ...
শ্রেণি/Level ঃ..,রোল নম্বর ঃ...................................
বিভাগ/গ্রুপ ঃ ....,বর্ষ/সেমিস্টারঃ..........................,ছাত্র/ছাত্রীঃ...........

২. পিতার নাম (ইংরেজি) ঃ...

৩. মাতার নাম (ইংরেজি) ঃ...

৪. অভিভাবকের নাম ও সম্পর্ক (পিতা/ মাতার অবর্তমানে) ঃ নামঃ...
সম্পর্কঃ..মোবাইলঃ...

৫. জন্ম তারিখ ও বয়স ঃ তারিখঃ............./.............../...................., বয়সঃ ....বছর

৬. অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর ঃ...
ঃ...

৭. প্রাপ্ত জিপিএ ঃ...

৮. বর্তমান ঠিকানা (ইংরেজি) ঃ.... ....
....
....

৯. স্থায়ী ঠিকানা (ইংরেজি) ঃ গ্রামঃ..., ডাকঘরঃ ....
উপজেলা/থানাঃ......................................., জেলাঃ ....

১০. শিক্ষার্থীর মাতা/পিতার মোবাইল নাম্বার ঃ মোবাইলঃ...

১১. শিক্ষার্থীর মোবাইল নম্বর (যদি থাকে) ঃ মোবাইলঃ ....

১২.শিক্ষার্থীর পিতা/মাতার তথ্যাদি ঃ

ক্রম	পাসপোর্ট নম্বর	দেশের নাম	কর্মস্থলের নাম ও ঠিকানা (যদি থাকে)	ফোন/ই-মেইল(যদি থাকে)
১.				
২.				

সংযুক্তিঃ...........................

তারিখঃ............................ ....

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

(শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক পূরণ করতে হবে)

প্রত্যয়ন করা যাচ্ছে যে, (শিক্ষার্থীর নাম) ...., পিতা ঃ ...., মাতা ঃ.. প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী । সে বর্তমানে .... শ্রেণি, রোল নম্বর ঃ .... বিভাগ/গ্রুপ ঃ ....অধ্যয়নরত রয়েছে। আমার জানামতে সে উত্তম চরিত্রের অধিকারী এবং তার আচরন সন্তোষজনক।

১৩. প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ বিভাগীয় প্রধানের মোবাইল নম্বর... ।

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর
(নামযুক্ত সীলসহ)

বিঃ দ্রঃ ১) সকল ক্রমিক নম্বরে আবশ্যিকভাবে তথ্য প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্যাদি এবং চাহিদাকৃত কাগজপত্রাদি দাখিল করতে ব্যর্থ হলে আবেদন পত্র বাতিল করা হবে।
২) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ০২ (দুই) সন্তানকে শিক্ষাবৃত্তি প্রদান করা হবে।

WEWB

মান্যবর রাষ্ট্রদূত
বাংলাদেশ দূতাবাস
আবুধাবী, সংযুক্ত আরব আমিরাত

বিষয়ঃ **প্রত্যায়ন পত্রের জন্য আবেদন।**

জনাব

আমি নিম্নস্বাক্ষরকারী ...., পাসপোর্ট নং ...., সংযুক্ত আরব আমিরাতস্থ আবুধাবী/আল আইনে .... কোম্পানী/নিয়োগকর্তার অধীনে................... ....কর্মরত আছি। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক ঘোষিত ‘‘প্রবাসী কল্যাণ শিক্ষাবৃত্তি” প্রাপ্তির নিমিত্ত আমার ছেলে/মেয়ে (ইংরেজীতে বড় হাতের অক্ষরে নাম) .... গত পিইসি/জেএসসি/এসএসসি/এইচএসসি পরীক্ষায় জিপিএ ...... প্রাপ্ত হয়। উক্ত ‘‘প্রবাসী কল্যাণ শিক্ষাবৃত্তি” এর জন্য দূতাবাস হতে একটি প্রত্যায়ন পত্র প্রয়োজন।

অতএব, দূতাবাস হতে একটি প্রত্যায়নপত্র ইস্যু করার জন্য অনুরোধ করা হলো।

তাং ....

বিনীত নিবেদক

নামঃ ....

মোবাইল নং ....

সংযুক্তিঃ (অবশ্যই দরখাস্তের সঙ্গে দাখিল করতে হবে)
১। মেম্বারসীপ কপি;
২। পাসপোর্ট ও ভিসা কপি (এক পৃষ্ঠায়);
৩। আমিরাত আই ডি কপি (উভয় পৃষ্ঠা এক পৃষ্ঠায়);
৪। সন্তানের জন্ম নিবন্ধন কপি;
৫। সন্তানের সাম্প্রতিক পরীক্ষার ফলাফলের কপি।